



২৯ আগস্ট, ২০২০

প্রিয় সহকর্মী,

স্বাগতম নিধনে,

আপনারা নিশ্চয়ই লক্ষ্য করছেন যে, সারাদেশে ডেঙ্গু রোগের প্রকোপ ক্রমাগত বেড়েই চলেছে। প্রতিদিনই গড়ে ৮-১০ জন লোক ডেঙ্গুজনিত কারণে মৃত্যুবরণ করছেন- যা অত্যন্ত বেদনাদায়ক। আমরা জানি, ডেঙ্গু রোগের জীবাণুবাহক হচ্ছে এডিস মশা। আর এ মশার প্রজনন স্থান হচ্ছে নালা, নর্দমা, ভোবা আর যেসব স্থানে পানি জমে থাকে এরকম জলাবদ্ধ স্থান। এসব স্থান পরিষ্কার রাখতে না পারলে ডেঙ্গুর বিস্তার রোধ করা সম্ভব নয়।

তাই, ডেঙ্গুর বিস্তার রোধে আমাদের সকলের উচিত নিজেদের ঘরবাড়ী, অফিস, কারখানা, স্কুল-কলেজ সর্বত্র পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা, কোথাও পানি জমতে না দেয়া এবং ডাবের খোসা/গাড়ির চাকার টিউব যেখানে সেখানে ফেলে না রাখা। কেননা এসব স্থানই এডিস মশার প্রজননের জন্য উৎকৃষ্ট জায়গা।

সরকার এডিস মশার বিস্তার রোধে বিভিন্ন উদ্যোগ নিয়েছে, যেমন- মশা নিধনের ওষুধ স্প্রে করা, পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান জোরদার করা, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার মাধ্যমে দেশব্যাপী গণসচেতনতা বৃদ্ধি করা ইত্যাদি। কিন্তু সকলের সম্মিলিত প্রচেষ্টা ছাড়া এডিস মশা নির্মূল করা সম্ভব নয়। এজন্য প্রয়োজন সামাজিক আন্দোলন গড়ে তোলা।

আমি মনে করি, এডিস মশার বিস্তার রোধে সামাজিক আন্দোলনের অংশ হিসেবে ব্যবসায়ী সমাজ এগিয়ে আসতে পারে। যেমন, আমাদের নিজস্ব কল-কারখানা, দোকান, শো-রুম প্রভৃতিকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার পাশাপাশি শ্রমিক-কর্মচারী ও তাদের পরিবারবর্গের মাঝে সচেতনতা সৃষ্টির জন্য আমরা উদ্যোগ নিতে পারি। বিশেষ করে, সামাজিক দায়বদ্ধতা হিসেবে দেশের চেম্বার/এসোসিয়েশনসমূহের ভূমিকা অনস্বীকার্য ও সুবিদিত।


আমার দৃঢ় বিশ্বাস, সকলের সম্মিলিত উদ্যোগে আমাদের নিকটজন, আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব, পাড়া-প্রতিবেশি এবং অন্যদেরকে ডেঙ্গু রোগজনিত মৃত্যুর হাত থেকে রক্ষা করতে পারবো।

তাই, আমি দেশের ব্যবসায়ী সমাজ বিশেষ করে এফবিসিসিআই-এর সকল চেম্বার/এসোসিয়েশন ও ব্যবসায়ী সমাজকে উদাত্ত আহ্বান জানাচ্ছি- আসুন আমরা সবাই মিলে ডেঙ্গুরোগ মোকাবেলায় সম্মিলিতভাবে কাজ করি।

আপনাদের সকলের সম্মিলিত প্রয়াস ও উদ্যোগের মাধ্যমেই আমরা প্রাণঘাতী ডেঙ্গুকে সহসাই পরাস্ত করতে পারবো।

আপনাদের সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছি।

স্বস্তি



মাহবুবুল আলম  
সভাপতি

বিতরণঃ সভাপতি, সকল চেম্বার/এসোসিয়েশন, এফবিসিসিআই।